

স্মারক নং : বশেমুরকৃবি/প্রশা/ব্য:-৬৯১/১৩/২৩৭২

শ্রেণিক : রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬।

প্রাপক : জনাব মো. সাইদুজ্জামান রনি

সহকারী অধ্যাপক

উদ্যানতত্ত্ব বিভাগ, বশেমুরকৃবি, গাজীপুর-১৭০৬।


ই-মেইল : roni.bsmrau@gmail.com

বিষয় : শিক্ষা ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে এবং শিক্ষা ছুটি মঞ্জুর সংক্রান্ত কমিটির ৫০ তম সভার সিদ্ধান্ত মোতাবেক Bangabandhu Science and Technology Fellowship-2017/18 (2<sup>nd</sup> Phase) এর অর্থায়নে Saitama University, Japan-এ Plant Physiology বিষয়ে পিএইচডি প্রোগ্রামে যোগদানের জন্য ২৪/০৯/২০১৮ হইতে ২৩/০৯/২০২১ তারিখ পর্যন্ত প্রাথমিকভাবে মোট ৩(তিন) বছর পূর্ণবেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করত: নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে জাপান গমন ও তথায় অবস্থানের অনুমতি প্রদান করা হইল। ভবিষ্যতে সরকার/বশেমুরকৃবি কর্তৃক শিক্ষা ছুটি সংক্রান্ত নতুন কোন সংশোধন/পরিবর্তন/ পরিমার্জন আদেশ জারী করা হইলে উহা আপনার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

শর্তাবলী :

- ১। আপনি পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের বিষয়/গবেষণার শিরোনাম এবং বর্ণিত প্রতিষ্ঠান/দেশ পরিবর্তন করিতে পারিবেন না।
- ২। এই ছুটিকালীন ভ্রমণ ও অন্যান্য এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার Bangabandhu Science and Technology Fellowship-2017/18 (2<sup>nd</sup> Phase) কর্তৃক বহন করিবে। ইহাতে বশেমুরকৃবি'র কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না।
- ৩। আপনি জাপান পৌছানোর পর সেখানে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে আপনার নাম অবশ্যই নিবন্ধন করিবেন। আপনার এই আদেশ কেবলমাত্র জাপান ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
- ৪। আপনি অনুমোদিত সময়ের অতিরিক্ত বিদেশে অবস্থান করিতে পারিবেন না।
- ৫। আপনি প্রচলিত অন্যান্য নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিবেন।
- ৬। আপনি অধ্যয়নকালীন প্রতি ৬ (ছয়) মাস পর পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আপনার অধ্যয়নের একটি অগ্রগতি প্রতিবেদন রেজিস্ট্রার, বশেমুরকৃবি অনুকূলে প্রেরণ করিবেন।
- ৭। শিক্ষা ছুটি শেষে আপনি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, বশেমুরকৃবি বরাবর যোগদানপত্র দাখিল করিবেন। তৎসহ আপনার অভিসন্দর্ভ ও প্রকাশনাসমূহের এক কপি বশেমুরকৃবি গ্রন্থাগার ও এক কপি রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষণের জন্য জমা দিবেন।
- ৮। ডিগ্রী সমাপ্তিতে প্রদত্ত বৃত্ত অনুযায়ী আপনি এই বিশ্ববিদ্যালয়ে ০৬ (ছয়) বছর চাকুরী করিতে বাধ্য থাকিবেন। আপনি বিশ্ববিদ্যালয়ে যোগদান/দেশে প্রত্যাবর্তন না করিলে, স্বেচ্ছায় ইত্তফা দিলে/অবসরে যাওয়ার আবেদন করিলে বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ছুটিকালীন আপনার আহরিত বেতন ও ভাতাদি ১৩% সুদসহ ফেরত দিতে বাধ্য থাকিবেন। উপরন্তু শিক্ষা ছুটিকালীন আপনার পেনশনযোগ্য চাকুরীকাল বলিয়া বিবেচিত হইবে না।
- ৯। আপনি বিদেশ গমনের পূর্বে আপনার ব্যবহৃত অফিস কক্ষটি আপনার বিভাগীয় প্রধানের নিকট বুঝাইয়া দিবেন।

  
৬-৬-১৮  
(ছেয়দ জহুরুল আমিন)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন-৯২০৫৩২৩


ই-মেইল : registrar@bsmrau.edu.bd

তারিখ- ৬-৬-২০১৮

স্মারক নং : বশেমুরকৃবি/প্রশা/ব্য:-৬৯১/১৩/২৩৭২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- ১। সচিব, শিক্ষা/স্বরাষ্ট্র/পররাষ্ট্র/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ট্রেজারার, বশেমুরকৃবি।
- ৩। ডিন (গ্র্যাজুয়েট স্টাডিজ/কৃষি/ফিশারিজ/ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স/কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন) অনুবদ, বশেমুরকৃবি।
- ৪। সচিব, বশেমুরকৃবি সিভিকিট-সিভিকিটের পরবর্তী সভায় সদয় ভূতাপেক্ষিক (Post facto) অনুমোদনের জন্য।
- ৫। মহা-পরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৬। নিয়ন্ত্রক (বৈদেশিক মুদ্রা), বৈদেশিক মুদ্রা বিনিময় বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৭। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৮। বিভাগীয় প্রধান, উদ্যানতত্ত্ব বিভাগ, বশেমুরকৃবি।
- ৯। অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক/অতিরিক্ত রেজিস্ট্রার (শিক্ষা শাখা), বশেমুরকৃবি।
- ১০। পরিচালক, হযরত শাহজালাল (র:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১১। উপ-রেজিস্ট্রার, উপাচার্যের দপ্তর, বশেমুরকৃবি।
- ১২। উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরকৃবি।
- ১৩। কম্পিউটার প্রোগ্রামার, বশেমুরকৃবি- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ১৪। সংশ্লিষ্ট নথিসমূহ।

  
৬-৬-২০১৮  
(নাসের সালেহ চৌধুরী)  
উপ-রেজিস্ট্রার